226

দৈনিক ইত্তেফাক

তারিখ ... MAR. 1 3 1999
পৃঃ ১৬ কঃ ৬

## জগন্নাথ হলে অপ্রীতিকর ঘটনা ॥ প্রভোষ্টের পদত্যাগ দাবী

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ গত বৃহস্পতিবার রাতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের জগন্নাথ হলে এক কেন্টিন বয় একজন ছাত্রকে চড় মারার ঘটনাকে কেন্দ্র করিয়া হলের প্রভোষ্ট অফিসে হামলা-ভাংচুর এবং

(১৫শ পৃষ্ঠায় ৪-এর কঃ দ্রঃ)

## জগন্নাথ হলে

(শেষ পৃষ্ঠার পর)

বিক্ষোভ হইয়াছে। পুলিশ ঐ কেন্টিন বয় ইসমাইলকে গ্রেফতার করিয়াছে। জানা যায়, বৃহস্পতিবার রাত ৯টায় জগন্নাথ হলের পূর্ব বাড়ীর কেন্টিনে খাবার সময় মার্কেটিং ২য় বর্ষের ছাত্র হেমন্ত কেন্টিন বয় ইসমাইলকে একটি চড় মারে। কেন্টিন বয় ইসমাইল পাল্টা তাহাকে চড় মারিলে ছাত্ররা উত্তেজিত হইয়া ইসমাইলের উপর আক্রমণ চালায়। এই হট্টগোলের সময় একজন হাউস টিউটর আসিয়া কেন্টিন বয়দের পক্ষ নিলে ছাত্ররা আরও উত্তেজিত হইয়া উঠে। ঘটনা চলাকালে এক পর্যায়ে হল প্রভোষ্ট ডঃ দুর্গাদাস ভট্টাচার্য হেমন্তর বিরুদ্ধে শোকজ নোটিস দিলে হলের অধিকাংশ ছাত্র প্রভোষ্টের পদত্যাগ দাবী করিয়া মিছিল বাহির করে। এক পর্যায়ে প্রভোষ্ট অফিসে ছাত্ররা হামলা চালাইয়া ভাংচুর করে। এই স্থানে একজন পুলিশও ছাত্রদের কোপানলের শিকার হয়। ছাত্রদের প্রভোষ্ট বিরোধী বিক্ষোভ অব্যাহত থাকিলে মধ্যরাতে ছাত্র সংগঠনের নেতৃবৃন্দ ছাত্রদের নিরস্ত করে। ছাত্ররা ৯ দফা দাবী দিয়াছে।